



UNITED PEOPLES DEMOCRATIC FRONT (UPDF)

ইউনাইটেড পিপলস ডেমোক্রেটিক ফ্রন্ট (ইউপিডিএফ)

(A political party based in the Chittagong Hill Tracts, Bangladesh)

Mailing Address :Swanirbhar bazaar, Khagrachari, Northern Chittagong Hill Tracts, Bangladesh.

Email. updfcht@yahoo.com Website: www.updfcht.com

Ref:

Date: ১৯ মে ২০২৪

প্রেস বিজ্ঞপ্তি

রাঙামাটি জেলায় আগামীকালের অর্ধদিবস অবরোধ সফল করার আহ্বান

রাঙামাটির লংগদুতে সন্তু লারমার জেএসএস-এর সশস্ত্র সন্ত্রাসী কর্তৃক ইউপিডিএফের এক সদস্য ও এক সমর্থককে (গ্রামবাসী) গুলি করে হত্যার প্রতিবাদে এবং খুনিদের গ্রেফতার ও শাস্তির দাবিতে ইউপিডিএফ আগামীকাল ২০ মে ২০২৪, সোমবার রাঙামাটি জেলায় অর্ধদিবস (ভোর ৫টা থেকে দুপুর ১২টা পর্যন্ত) সড়ক ও নৌপথ অবরোধ কর্মসূচি পালন করবে।

গতকাল শনিবার (১৮ মে) রাঙামাটির সদর উপজেলার কুদুকছড়িতে ইউপিডিএফের আয়োজিত এক প্রতিবাদ সমাবেশ থেকে এই অবরোধ কর্মসূচি ঘোষণা করা হয়।

ইউপিডিএফের রাঙামাটি জেলা ইউনিটের সংগঠক সচল চাকমা আজ রবিবার (১৯ মে) সংবাদ মাধ্যমে দেয়া এক বিবৃতিতে আগামীকালের অর্ধদিবস সড়ক ও নৌপথ অবরোধ সফল করার জন্য জেলার সকল বাস-ট্রাক-লঞ্চসহ সকল যানবাহন মালিক-শ্রমিক সমিতি, সংগঠনসহ সর্বস্তরের জনগণের প্রতি আহ্বান জানিয়েছেন।

এ্যম্বুলেন্স, ফায়ার সার্ভিস ও সাংবাদিকদের ব্যবহৃত গাড়ি অবরোধের আওতামুক্ত থাকবে বলে তিনি জানান।

বিবৃতিতে ইউপিডিএফ নেতা অবিলম্বে লংগদুতে ইউপিডিএফ সদস্যসহ দু'জনকে হত্যার সাথে জড়িত সন্তু লারমার সন্ত্রাসীদের গ্রেফতার ও দৃষ্টান্তমূলক শাস্তি এবং পার্বত্য চট্টগ্রামে খুনের রাজনীতি বন্ধে সন্তু লারমাকে আঞ্চলিক পরিষদ থেকে অপসারণপূর্বক বিচারের আওতায় আনার দাবি জানান।

উল্লেখ্য, গতকাল (শনিবার) সকাল সাড়ে ৮টার সময় লংগদুর বড় হাড়িকাবা এলাকায় জেএসএস-এর ৭জনের একদল সন্ত্রাসী সাংগঠনিক কাজে নিয়োজিত ইউপিডিএফ কর্মীদের ওপর সশস্ত্র হামলা চালায়। এতে সন্ত্রাসীদের এলোপাতাড়ি ব্রাশফায়ারে ইউপিডিএফ সদস্য বিদ্যাধন চাকমা (৪৫) ও সমর্থক ধন্য মনি চাকমা (৩৫) ঘটাশ্বলে নিহত হন।

বার্তা প্রেরক

নিরন চাকমা

প্রচার ও প্রকাশনা বিভাগ

ইউনাইটেড পিপলস ডেমোক্রেটিক ফ্রন্ট (ইউপিডিএফ)।